West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013
PART-I
বাংলা - সাম্মানিক
প্রথম পত্র

সময় ঃ ৪ ঘন্টা — পূর্ণমান ঃ ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক

১। সাধারণভাবে 'চর্যাপদ' নামে পরিচিত পদগুলির প্রকৃত নাম, প্রাপ্ত পদের সংখ্যা এবং বিষয়বস্তুর পরিচয় দিন । এই পদগুলিতে সমকালীন সমাজ ও জীবনাচরণের যে আভাস পাওয়া যায় তা পরিস্ফুট করুন । ১ + ১ + ৫ + ৮

অথবা

কাশীরাম দাস মহাভারতের সম্পূর্ণ অনুবাদ করেছেন কি-না সে সম্পর্কে আলোকপাত করুন । তাঁর মহাভারত কথাকে মূলানুগ অনুবাদ বলা যায় কি ? বিশ্লেষণ করে দেখান । ৫ + ১০

অথবা

ধর্মমঙ্গলকে কেন 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলে অভিহিত করা হয় ? এই কাব্যধারারশ্রেষ্ঠ কবির কৃতিত্ব পর্যালোচনা করুন । ৫ + ১০

২। বিদ্যাসাগর বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী । — মন্তব্যটির যথার্থতা বিচার করুন এবং তাঁর রচিত গদ্য গ্রন্থগুলির পরিচয় দিন । ১৫

অথবা

বাঙালির জীবন ও সৃষ্টিতে নতুনকালের পটভূমিকায় মধুসূদনের কবিকৃতির পরিচয় দিন ।

অথবা

বাংলা নাট্যসাহিত্যের ধারায় গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটকগুলির মূল্যায়ন করুন । ১৫

৩। আধুনিক কবিরা কোন্ তাৎপর্যে আধুনিক ? আধুনিক কবি হিসেবে সুধীন্দ্রনাথ দত্ত **অথবা** জীবনানন্দ দাশের কবি প্রতিভার মূল্যায়ন করুন । ৫ + ১০

অথবা

বাংলা ছোটগল্পে প্রেমেন্দ্র মিত্র অথবা মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দিন ।

অথবা

বাংলা উপন্যাস সাহিত্যে সতীনাথ ভাদুড়ির স্বাতন্ত্র্য ও অভিনবত্বের দিকগুলি আলোচনা করুন।

যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১ × ১০ = ১০

ক) বাংলা ভাষায় পদ রচনা না করলেও বিদ্যাপতিকে কেন বাংলা সাহিত্যের ইতিহাসে অন্তর্ভুক্ত করা হয় যুক্তি দিয়ে বুঝিয়ে দিন।

খ) প্রহসন রচয়িতা হিসেবে দীনবন্ধু মিত্রের প্রতিভার মূল্যায়ন করুন।

গ) বাংলা ছোটোগল্পের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান নিরূপণ করুন।

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে যে-কোনো **তিনটি** গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দিন ঃ ৩ × ৫ = ১৫

(গ্রন্থকারের নাম, গ্রন্থের প্রকরণ, গ্রন্থের বিষয়বস্তু, তাৎপর্য ও ঐতিহাসিক গুরুত্ব নির্দেশ করতে হবে।)

ক) শ্রীকৃষ্ণবিজয়, অন্নদামঙ্গল, লোরচন্দ্রানী

খ) হুতোম প্যাঁচার নক্সা, লোকরহস্য, কুলীনকুলসর্বস্ব

গ) গৃহদাহ, কারাগার, পদাতিক।

(বাংলা ভাষার ইতিহাস)

যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১ × ১৫ = ১৫

ক) প্রাচীন বাংলা ভাষার কালসীমা নির্দেশ করে তার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উপযুক্ত দৃষ্টান্তসহ আলোচনা করুন।

৩ + ১২

খ) দৃষ্টান্তসহ সাধু ও চলিত ভাষার বৈশিষ্ট্য উল্লেখ করে উভয় ভাষার পার্থক্য নির্দেশ করুন।

গ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি উদাহরণসহ আলোচনা করুন।

যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১ × ১৫ = ১৫

ক) উপযুক্ত উদাহরণসহ যে-কোনো **পাঁচটির** সংজ্ঞা নির্দেশ করুন ঃ

অপিনিহিতি, স্বরসঙ্গতি, বর্ণবিপর্যয়, সাদৃশ্য, মিশ্রণ, লোকনিরুক্তি, সমাক্ষর লোপ।

খ) যে-কোনো **পাঁচটি** শব্দের ভাষাতাত্ত্বিক টীকা লিখুন ঃ

ইঁদারা, পাষণ্ড, আনারস, জুয়া, তেরো, দাম, মাটি, রিঠা, হাসপাতাল।

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART – I

বাংলা — সাম্মানিক

দ্বিতীয় পত্র

সময় : ৪ ঘন্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

১। উপন্যাস ও ছোটগল্পের মধ্যে পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। ১০ + ১০

যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন: ২ × ১০ = ২০

ক) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে একটি সার্থক আঞ্চলিক উপন্যাসের পরিচয় দিন।

খ) রোমান্স কাকে বলে, তার লক্ষণগুলি একটি বাংলা রোমান্সের সাহায্যে বুঝিয়ে দিন।

গ) উপন্যাসে চেতনাপ্রবাহ রীতি বলতে কী বোঝেন ? বাংলা ভাষায় চেতনাপ্রবাহ রীতিতে লেখা একটি উপন্যাসের পরিচয় দিন।

ঘ) মনস্তাত্ত্বিক উপন্যাসের বৈশিষ্ট্য আলোচনাসহ এই রীতির একটি উল্লেখযোগ্য উপন্যাস পর্যালোচনা করুন।

৪ + ৬

২। 'চন্দ্রশেখর' উপন্যাসে শৈবলিনী চরিত্রের গুরুত্বের পরিচয় দিন। চরিত্রটির পরিণতি প্রদর্শনে লেখকের যে জীবনদর্শন প্রতিফলিত হয়েছে তার উল্লেখ করুন।

'চন্দ্রশেখর' উপন্যাসের গঠনরীতি ব্যাখ্যা করুন এবং এখানে ইতিহাস ও সমাজ কীভাবে অনুসৃত তা দেখান।

৮ + ৭

খ) 'শেষের কবিতা' উপন্যাসে শেষের কবিতাটি — কে, কখন, কার উদ্দেশ্যে পাঠিয়েছে তার উল্লেখ করে উপন্যাসের নামকরণের যৌক্তিকতা বিচার করুন। ৩ + ১২

'শেষের কবিতা' উপন্যাসে যোগমায়া চরিত্রটির ভূমিকা কী তা বিশ্লেষণ করুন।

গ) 'শ্রীকান্ত' উপন্যাসের প্লট-রচনার বিশেষত্ব কী তা কাহিনী বিশ্লেষণ করে বুঝিয়ে দিন।

'শ্রীকান্ত' উপন্যাসের ইন্দ্রনাথ চরিত্রটির স্বরূপ নির্ধারণ করুন।

ঘ) 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসে কাহারদের সঙ্গে তথাকথিত বাবুসমাজের সম্পর্কের যে ছবি বিন্যস্ত হয়েছে তা নিজের ভাষায় বিবৃত করুন। ১৫

"প্রাচীন গতানুগতিক উপকথার জগতে করালী নবীন আলোর মশাল।" — করালী চরিত্রটি বিশ্লেষণ করে এই বক্তব্যের যাথার্থ্য বিচার করুন।

ক) "হায় ! কেন আমি ইহাকে বিবাহ করিয়াছি। এ কুসুম রাজমুকুটে শোভা পাইত ।" — কে, কখন, কার জন্য এবং কেন একথা বলেছে ? ১ + ১ + ১ + ২

"এক বোঁটায় আমরা দুইটি ফুল, এক বনমধ্যে ফুটিয়াছিলাম — ছিঁড়িয়া পৃথক করিয়াছিলে কেন ?" — কে, কাকে, কখন একথা বলেছে ? অন্য ফুলটি কে ? ১ + ১ + ২ + ১

খ) "প্রিয় শিষ্যা ললিতে কলাবিধৌ" — শ্লোকাংশটি কার লেখা, কোন্ কাব্য থেকে নেওয়া হয়েছে ? সেখানে কে, কার প্রসঙ্গে একথা বলেছে ? উপন্যাসে কে এটি উচ্চারণ করেছে ? ১ + ১ + ১ + ১ + ১

শিলঙ পাহাড়ে অমিত কার লেখা, কোন্ বই পড়ছিল ? ঐ ধরনের বই পড়ার কারণ কী ? ১ + ১ + ৩

গ) ''তাহার প্রচণ্ড শাসনে এক মুহূর্ত কাহারো সময় নষ্ট করিবার জো ছিল না।'' — কার শাসন ? সময় বাঁচানোর জন্য তার যে প্রয়াস তার পরিচয় দিন। ১ + ৪

''তোর গায়ে ওটা কালোপানা কি রে ? র‍্যাপার ? আহা র‍্যাপারের কি শ্রী ! তেলের গন্ধে ভূত পালায়। ফুটচে — পেতে দে দেখি, বসি।'' — কে, কাকে একথা বলেছে ? এই বক্তব্যে বক্তার স্বভাবের কী পরিচয় ফুটে উঠেছে ? ১ + ১ + ১ + ২

ঘ) ''হাঁসুলী বাঁকের কাহারেরা বলেছে, বাবুমশায়েরা 'তরাস' পেয়েছেন।'' — 'তরাস' শব্দের অর্থ কী ? তরাস পাওয়ার কারণটি উল্লেখ করুন।

কাহারদের মধ্যে 'আটপৌরে' বা অষ্টপ্রহরী কারা ? তাদের এই নামকরণের কারণ কী ?